**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-02-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন| এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৯তম পর্ব| এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে| এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

*****************

## CM- GST:

মুখ্যমন্ত্রী অধ্যাপক  ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে কর ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে অগ্রাধিকার দিয়েছে সরকার। কর ফাঁকি দেওয়ার প্রবণতা ঠেকাতে জনগণকে আরো সচেতন করতে হবে। রাজস্ব আয়ের উপর রাজ্যের বাজেট নির্ভর করে। তাই রাজ্যের নিজস্ব রাজস্ব বৃদ্ধি করতে ব্যাপক গুরুত্ব দেওয়া হয়েছে |

শনিবার আগরতলার প্রজ্ঞাভবনে জিএসটি সচেতনতা অভিযানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী বলেন , গত বছর বিধানসভায় প্রায় ২৭,৮00 কোটি টাকার মতো

বাজেট পেশ হয়েছিল। এর মধ্যে রাজস্ব ক্ষেত্রে আয় ছিল ৩,৭০০ কোটি টাকা। পূর্ববর্তী সরকার যে ১৩ হাজার কোটি টাকা ঋণ নিয়েছিল সেই টাকাও পরিশোধ করতে হচ্ছে। বেতন, ঋণ পরিশোধ, পেনশন দেওয়ার পরে ২৭,৮০০ কোটির মধ্যে মাত্র ১০,০০০ কোটি টাকার মতো থাকে। নিজস্ব আয় যেটা রাজস্ব বা অন্যান্য ক্ষেত্র থেকে আসে সেটা ৩,৭০০ কোটি টাকা। এই ৩,৭০০ কোটি টাকার মধ্যে ২৫% এডিসিকে দিতে হয়। এছাড়া ১০% আরবান ও লোক্যাল সংস্থাগুলিকে দিতে হয়। মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংশ্লিষ্ট মন্ত্রক থেকে যে অর্থ পাওয়া যায় এর  থেকে গতবছর ৩৯% এডিসিকে দেওয়া হয়েছে |

**********************

**PM-KISAN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল  সোমবার বিহারের ভাগলপুর থেকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান করবেন। এই প্রকল্পে জমির মালিকানা রয়েছে এমন কৃষকদের তিন কিস্তিতে বার্ষিক ছয় হাজার টাকা প্রদান করা হয়। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্প সম্পর্কে সচেতনতা তৈরির জন্য কিস্তি প্রদানের দিনটিকে কিষাণ সম্মান সমারোহ হিসেবে পালন করা হবে। তিনি বলেন, সারা দেশে ৯ কোটি ৮০ লক্ষেরও বেশি কৃষক সরাসরি সুবিধা হস্তান্তরের মাধ্যমে ২২ হাজার কোটি টাকারও বেশি আর্থিক সহায়তা পাবেন।

*******************

**Live stock festivels udaipur**

প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে  মাতাবাড়ি ব্লকের  উত্তর মহারানী পঞ্চায়েত মাঠে গতকাল এক দিনের  গোমাতি  জেলা ভিত্তিক লাইভস্টক মেলা   অনুষ্ঠিত হয়। এই মেলার উদ্ভোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়।

মেলায় প্রদর্শনীতে অংশগ্রহণকারী বিজয়ী চাষীদের মধ্যে পুরস্কার তুলে দেওয়া হয়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার , গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় , সহকারী সভাধিপতি সুজন কুমার সেন, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ার পার্শন শিল্পী দাস প্রমুখ।

********************

**Super Division Cricket :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার গতকাল তিনটি ম্যাচ হয়। এতে নরসিংগড়ের টিআইটি মাঠে ব্লাডমাউথ ক্লাব ১৪০ রানে স্ফুলিঙ্গ ক্লাবকে, এম বি বি স্টেডিয়ামে হার্ভে ক্লাব ৭ উইকেটে ইউনাইটেড ফ্রেন্ডসকে এবং মেলাঘরের শহীদ কাজল ময়দানে সংহতি ক্লাব ৮ রানে জয়্নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে |

****************

**All India Police Football :**

আগামীকাল থেকে রাজ্যে শুরু হচ্ছে ৭৩তম বিএন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ। এই প্রতিযোগিতায় যোগ দেওয়ার জন্য বহির্রাজ্যের সবকটি দল ইতিমধ্যে রাজ্যে এসে পৌঁছে গেছে| গতকাল সন্ধ্যায় আগরতলায় পৌঁছেছে গুজরাট, বিহার, উত্তর প্রদেশ এবং পশ্চিমবঙ্গের ফুটবল দল। ত্রিপুরা সহ টুর্নামেন্টে মোট ৪৫টি দল অংশ নেবে| টুর্নামেন্টে মহিলা দল রয়েছে ৯টি| প্রতিযোগিতা চলবে ৭ই মার্চ পর্যন্ত।

***************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গা হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা

সর্বোচ্চ ৩২  ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯  ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে| আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০.৬ ডিগ্রী সেলসিয়াস |

*******************